

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৩৩১

১১. কিতাবুয যাকাত (خلاب الزكاة)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি কোন কিছু দান বা খরচ করতে চায়, তার প্রতি নির্দেশ হলো তিনি পর্যায়ক্রমে নিকটবর্তী লোকদের দ্বারা শুরু করবেন

ذِكْرُ الْأُمْرِ لِمَنْ أَرَادَ الصَّدَقَةَ أَوِ النَّفَقَةَ أَن يبدأ بها بالأقرب فالأقرب

আরবী

3331 _ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عَلَّانَ بِأَنَةَ قَالَ: حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ يَحْيَى الزِّمَّانِيُّ قَالَ: حَدَّثَنَا عَبْدُ الْوَهَّابِ التَّقَفِيُّ عَنْ أَيُّوبَ عَنْ أَبِي الزُّبَيْرِ عَنْ جَابِرٍ: أَنَّ رجلاَ يُقَالُ لَهُ: أَبُو مَذْكُورٍ عَبْدُ الْوَهَّابِ التَّقَفِيُّ عَنْ أَيُّوبَ عَنْ أَبِي الزُّبَيْرِ عَنْ جَابِرٍ: أَنَّ رجلاَ يُقَالُ لَهُ اللَّهِ صَلَّى دَبَّرَ غُلَامًا لَهُ وَلَمْ يَكُنْ لَهُ مَالٌ غَيْرُهُ وَكَانَ يُقَالُ لِلْغُلَامِ يَعْقُوبُ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ (مِن يَشْتَرِي هَذَا)؟ فَاشْتَرَاهُ رَجُلٌ مِنْ بَنِي عَدِيِّ بن كعب بثمن مئة درْهَمٍ فَقَالَ النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ (إِذَا كَانَ أَحَدُكُمْ مُحْتَاجًا فَلْيَبْدَأُ بِنَفْسِهِ فَإِنْ كَانَ لَهُ فَصَل فَهاهنا وهاهنا وهاهنا)
لَهُ فَصَلُ فَبِأَقْرِبَائِهِ فَإِنْ كَانَ لَهُ فَصَل فَهاهنا وهاهنا وهاهنا)
الراوي: جَابِر بْن عَبْدِ اللَّهِ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان المصدح: على المحدث: عنه المحدث: صحيح.

বাংলা

৩৩৩১. জাবির রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "আবূ মাযকূর নামে এক ব্যক্তি মরনোত্তর তার গোলামকে মুক্ত করেন। তার এই গোলাম ছাড়া আর কোন সম্পদ ছিল না। তার গোলামের নাম ছিল ইয়াকূব। তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেন, "এই গোলামকে কে ক্রয় করবে?" অতঃপর বানূ আদী বিন কা'ব গোত্রের এক ব্যক্তি তাকে একশ দিরহাম দিয়ে ক্রয় করে নেন। তখন নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, "যখন তোমাদের কেউ অভাবী হবে, তখন সে দানের ক্ষেত্রে নিজেকে দিয়ে শুরু করবে। অতঃপর যদি তার আরো অতিরিক্ত সম্পদ থাকে, তবে সে নিকটাত্মীয়দের দিবে। অতঃপর যদি তার আরো অতিরিক্ত সম্পদ থাকে, তবে সে এখানে, এখানে এখানে দিবে।"[1]



ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৩/৩০৫; সহীহ মুসলিম: ৯৯৭; আবূ দাউদ: ৩৯৫৭; নাসাঈ: ৭/৩০৪; সহীহ ইবনু খুযাইমাহ: ২৪৪৫; সুনান বাইহাকী: ১০/৩০৯-৩১০।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আত তা'লীকাতুল হিসান: ৩৩৩১)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন